# 4.3. প্রশ্ন ব্যাংক
# (Question Bank)

## 4.3.1. প্রশ্ন ব্যাংকের অর্থ (Meaning of Question Bank)

প্রশ্ন ব্যাংকের সঙ্গে ব্লাড ব্যাংকের সাদৃশ্য লক্ষ করা যায়। ব্লাড ব্যাংকে সুস্থ ব্যক্তির দেহ থেকে রক্ত সংগ্রহ করে সংরক্ষণ করা হয় এবং প্রয়োজনমতো তা সরবরাহ করা হয়। প্রশ্ন ব্যাংকে ব্যক্তি এবং শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের নিকট থেকে প্রশ্ন সংগ্রহ করে তা গ্রন্থাগারে সংরক্ষণ করা হয় এবং প্রয়োজনমতো তা সরবরাহ করা হয়।

Scanned with CamScanner

প্রশ্ন ব্যাংক বলতে বোঝায় প্রশ্নপত্র, অভীক্ষা এবং পরিমাপের অন্যান্য কৌশলগুলিকে সংরক্ষণ করা, যাতে পরবর্তী সময়ে ওইগুলি ব্যবহার করা যায়। সাধারণত প্রশ্ন ব্যাংক বলতে নৈর্ব্যক্তিক প্রশ্নগুলি সংরক্ষণের কথা বোঝায় যদিও অন্যান্য পরিমাপের কৌশলগুলিকেও এইভাবে সংরক্ষণ করা যায়।

শিক্ষা-শিখন প্রক্রিয়ার প্রয়োজন মেটাতে মূল্যায়ন ব্যবহার করা হয়। শিক্ষক ও ছাত্রদের ব্যবহারের জন্য পরিকল্পিতভাবে গ্রন্থাগারে মূল্যায়নের জন্য প্রশ্নপত্র সংরক্ষণকেই প্রশ্ন ব্যাংক বলে। বিশৃঙ্খলভাবে প্রশ্নপত্র সংরক্ষণ করাকে প্রশ্ন ব্যাংক বলে না। বিশেষ উদ্দেশ্যে প্রশ্ন ব্যাংক সংগঠন করা হয়, এর কার্যকারিতার জন্য সকলের সহযোগিতা প্রয়োজন হয়। এর অন্যতম উদ্দেশ্য হল শিক্ষা-শিখন প্রক্রিয়াকে আরও কার্যকারী করে তোলা। প্রশ্ন ব্যাংকে রক্ষিত প্রশ্নের প্রকৃতি এবং বৈশিষ্ট্যের উপর এর ব্যবহারযোগ্যতা নির্ভর করে। প্রশ্নপত্রের মান উন্নত করা প্রশ্ন ব্যাংকের আর-একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য।

প্রশ্ন ব্যাংকের প্রধানত দুটি উদ্দেশ্য—পাঠদান প্রক্রিয়াকে সমৃদ্ধ করা এবং পাঠদানের ভিত্তিতে ব্যক্তির বিকাশকে মূল্যায়ন করা। পাঠদানের ক্ষেত্রে শিক্ষককে বিভিন্নভাবে প্রশ্ন ব্যাংক সাহায্য করে, যেমন—(ক) পাঠদানের পূর্বে শিক্ষার্থীকে পরিমাপ করা, (খ) পাঠদানের উৎকর্ষতা বিচার করা, (গ) গৃহ কাজ দেওয়া, (ঘ) পাঠচলাকালীন মূল্যায়নে (Formative evaluation) পাঠ্যাংশের উপর প্রশ্ন (যা প্রশ্ন ব্যাংক থেকে সংগ্রহ করা যায়) ইত্যাদি। পাঠদানের শেষে (Summative evaluation) মূল্যায়নের জন্য প্রশ্ন প্রস্তুতে প্রশ্ন ব্যাংকের সাহায্য নেওয়া যেতে পারে। শিক্ষার্থীদের দুর্বলতা নির্ণয়ের ক্ষেত্রেও প্রশ্ন ব্যাংকের সাহায্য নেওয়া যেতে পারে।

প্রশ্ন ব্যাংকের ইতিহাস বহুদিনের হলেও, অতীতে এই ব্যবস্থা বিজ্ঞানভিত্তিক ছিল না। প্রশ্ন প্রস্তুতকারী (শিক্ষাপ্রতিষ্ঠান বা ব্যক্তি) তাঁর অভিজ্ঞতা অনুযায়ী প্রশ্ন করতেন। তিনি যেটা ঠিক মনে করতেন তার ভিত্তিতেই প্রশ্ন করতেন। প্রশ্ন প্রস্তুতে বিজ্ঞানসম্মত পদ্ধতি অনুসরণ করা হত না। প্রশ্নের প্রকৃতি, কোন্ স্তরের জন্য প্রশ্ন প্রস্তুত হয়েছে ইত্যাদি গুরুত্বপূর্ণ তথ্য উল্লিখিত হত না।

বর্তমানে বিজ্ঞানসম্মত পদ্ধতি গ্রহণ করার ফলে অনেক পরিবর্তন ঘটেছে। বর্তমানে প্রশ্ন ব্যাংক বলতে কেবলমাত্র বিশেষ বিষয়ের প্রতিটি দিকের উপর বহু সংখ্যক প্রশ্ন বোঝায় না। প্রশ্নের সঙ্গে প্রশ্ন সম্পর্কিত সংশ্লিষ্ট অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যের উপস্থিতিকে বোঝায়। এই তথ্য থাকার ফলে প্রশ্ন ব্যবহারকারীদের অনেক সুবিধা হয়। প্রয়োজনমতো তারা প্রশ্ন নির্বাচন করতে পারে। এই তথ্যের মধ্যে গুরুত্বপূর্ণ হল কোন্ শিক্ষণ উদ্দেশ্য পরিমাপের জন্য নির্দিষ্ট প্রশ্ন প্রস্তুত করা হয়েছে এবং ছোটো দলের উপর প্রশ্ন প্রয়োগের ফলে প্রশ্নের আচরণ সম্পর্কে বিশদ তথ্য।

### 4.3.2. প্রশ্ন ব্যাংকের সংজ্ঞা (Definition of Question Bank)

মূল্যায়ন এবং গবেষণামূলক কর্মসূচিতে অভীক্ষার বহুল ব্যবহার দেখা যায়। শিক্ষাক্ষেত্রে যেমন বিভিন্ন ধরনের শিক্ষামূলক অভীক্ষা ব্যবহার করা হয়ে থাকে তেমনি মনস্তাত্ত্বিক অভীক্ষা দ্বারা শিক্ষার্থীর মানসিক বৈশিষ্ট্যগুলি সম্পর্কে তথ্যসংগ্রহ করে শিক্ষা ও বৃত্তি নির্দেশনা এবং শিক্ষা-পরিকল্পনা করা সম্ভব হয়। বিভিন্ন ধরনের অভীক্ষা, প্রশ্নপত্র এবং

Scanned with CamScanner

পরিমাপের অন্য কৌশলগুলিকে পরবর্তী সময়ে ব্যবহারের জন্য সেগুলির সংরক্ষণকেই প্রশ্ন ব্যাংক বলে। অর্থাৎ মূল্যায়নের জন্য পরিকল্পিতভাবে প্রশ্নপত্র সংরক্ষণকেই অন্য কথায় প্রশ্ন ব্যাংক বলে।

### 4.3.3. প্রশ্ন ব্যাংকের বৈশিষ্ট্য (Characteristics of Question Bank)

- প্রশ্ন ব্যাংক একটি স্থায়ী সকলের ব্যবহার্য প্রশ্নের সমাহার।
- প্রশ্ন ব্যাংক অনেক শিক্ষকের দীর্ঘকালের প্রয়াসে তৈরি হয়।
- প্রশ্ন ব্যাংক ক্রমাগত পরিমার্জিত হয়।
- প্রশ্ন ব্যাংকের সাহায্যে ছাত্রছাত্রীরা প্রস্তুতি নিতে পারে।
- প্রশ্ন ব্যাংকের সাহায্যে শিক্ষক শিক্ষণের পরিকল্পনা নিতে পারেন।
- প্রশ্ন ব্যাংকের সাহায্যে পরীক্ষার প্রশ্ন তৈরি করা যায় অতি সহজে।
- প্রশ্ন ব্যাংক এক বা একাধিক পাঠক্রমের ভিত্তিতে তৈরি হতে পারে।
- প্রশ্ন ব্যাংকের প্রশ্নগুলি আদর্শ ও ত্রুটিমুক্ত প্রশ্ন।
- প্রশ্ন ব্যাংক একটি স্বীকৃত পদ্ধতি যদিও স্বীকৃতি সর্বজনীন নাও হতে পারে।

### 4.3.4. প্রশ্ন ব্যাংক প্রস্তুতির স্তরসমূহ (Steps to Construct Question Bank)

প্রশ্ন ব্যাংক গঠন করার 5টি স্তর নিম্নে উল্লেখ করা হল।

**প্রথম স্তর:** এই স্তরে বিভিন্ন উৎস থেকে প্রশ্ন সংগ্রহ করা হয়। যেমন বিশ্ববিদ্যালয়, বিভিন্ন বোর্ড, শিক্ষক এবং এই বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি ইত্যাদি।

**দ্বিতীয় স্তর:** এই স্তরকে বলা হয় প্রাক্-যথার্থতা নির্ণয়ের স্তর। এই স্তরে নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন হয়।

(ক) প্রশ্নগুলি সাধারণ ও বিশেষ নির্ণায়কের প্রেক্ষিতে যথার্থ কিনা বিচার করা হয়। বিচারের ভিত্তিতে প্রশ্ন রাখা হয় বা বাতিল করা হয় বা সংশোধন করা হয়।

(খ) প্রশ্নের বিষয়, শিক্ষণ উদ্দেশ্য, প্রশ্নের ধরন এবং শিক্ষা স্তর অনুযায়ী শ্রেণিকরণ করা।

(গ) প্রশ্নের জন্য কত নম্বর বরাদ্দ এবং সময় দেওয়া হবে তা নির্দিষ্ট করা।

**তৃতীয় স্তর:** এই স্তরে একটি ক্ষুদ্র দলের উপর প্রশ্ন প্রয়োগ করে প্রশ্ন বিশ্লেষণ করা হয় অর্থাৎ কাঠিন্যমান এবং পার্থক্যকরণের ক্ষমতা নির্ণয় করা হয়। এর ভিত্তিতে প্রশ্ন নির্বাচন করা হবে বা সংশোধন করা হবে তা বিচার করা হয়।

**চতুর্থ স্তর:** এই স্তরে প্রশ্ন প্রয়োগকরণ প্রক্রিয়া স্থির করা হয়। সংগৃহীত প্রশ্নের প্রতিনিধিমূলক একটি অংশে যাদের উপর প্রয়োগ করা হবে বলে স্থির করা হয় তাদের একটি প্রতিনিধিমূলক দলের উপর প্রকৃত পরীক্ষামূলক পরিস্থিতি অনুযায়ী প্রয়োগ করা হয়। এর উদ্দেশ্য হল প্রশ্ন প্রয়োগকালীন শর্তাদি নির্দিষ্ট করা।

**পঞ্চম স্তর:** এই স্তরটি হল প্রশ্ন সংরক্ষণের স্তর। প্রয়োজনীয় তথ্য সহ নির্বাচিত প্রশ্নগুলি Brouchers-এর আকারে প্রকাশিত হয় বা 5"× 8" কার্ডে টাইপ করে Kardex tray-তে সংরক্ষণ করা হয় বা প্রশ্নগুলিকে সংকেতীকরণ করে Digital Computer-এর স্মৃতিতে সংরক্ষণ করা হয়।

Scanned with CamScanner

### 4.3.5. প্রশ্ন ব্যাংকের সুবিধা (Advantages of Question Bank)

(ক) উত্তম প্রশ্ন তৈরি কঠিন এবং সময়সাপেক্ষ ব্যাপার। সেজন্য উত্তম প্রশ্নের অপচয় রোধ করার উদ্দেশ্যে প্রশ্ন ব্যাংক গঠন করা উচিত যাতে প্রস্তুত প্রশ্নগুলি একাধিকবার প্রয়োজনমতো ব্যবহার করা যেতে পারে।

(খ) প্রতিটি বিষয়ের কিছু কিছু অংশ আছে যার একাধিকবার পরীক্ষার প্রয়োজন। এইসব অংশের প্রশ্নগুলি প্রায় একই রকমের হওয়ায় এগুলি প্রশ্নব্যাংকে সংরক্ষিত হলে শিক্ষকদের সুবিধা হয়।

(গ) প্রশ্নব্যাংকে রক্ষিত প্রশ্নগুলির পরিসংখ্যানগত বিশ্লেষণ করা হয়, ফলে প্রশ্নগুলির কার্যকারিতা সম্পর্কে তথ্য পাওয়া যায় এবং একে কীভাবে আরও উন্নত করা যায় সে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

(ঘ) প্রশ্ন ব্যাংকে রক্ষিত প্রশ্নগুলি পরিসংখ্যানগত শুদ্ধ হওয়ার ফলে এর দ্বারা বিভিন্ন বছরের শিক্ষার্থীদের মানের মধ্যে তুলনা করা সম্ভব।

(ঙ) অভীক্ষা প্রস্তুতে প্রশ্ন সংগ্রহের জন্য প্রশ্ন ব্যাংক প্রয়োজনে আসে।

(চ) প্রশ্নের কাঠিন্যমান এবং পার্থক্য নির্ণয়ের ক্ষমতামান থাকায় উক্ত প্রশ্ন প্রয়োগে একদিকে যেমন বিভিন্ন শিক্ষার্থীর দলের মধ্যে পারস্পরিক তুলনা করা যায়, অন্যদিকে তেমনি শিক্ষার মান নির্দিষ্টকরণে সাহায্য করে।

(ছ) বর্তমানে সমগ্র শিক্ষাব্যবস্থা পরীক্ষামুখী। সু-সংগঠিত প্রশ্ন ব্যাংকের সাহায্যে এই শিক্ষাব্যবস্থার মধ্যে পরিবর্তন সম্ভব। বর্তমানে যেখানে পরীক্ষা অনুযায়ী পাঠক্রম রচিত হচ্ছে তার পরিবর্তন করে পাঠক্রম অনুযায়ী পরীক্ষা ব্যবস্থা বিন্যাস করা সম্ভব।

### 4.3.6. প্রশ্ন ব্যাংকের অসুবিধা (Disadvantages of Question Bank)

- বিষয়বস্তুর বিচারে সমস্ত পাঠ্য বিষয়ের জন্য প্রশ্ন ব্যাংক তৈরি করা সম্ভব হয় না।
- প্রশ্ন ব্যাংকের ব্যবহার সর্বদা শিক্ষার প্রকৃত উদ্দেশ্যের মধ্যে সীমাবদ্ধ থাকে না।
- প্রশ্ন ব্যাংকের মাধ্যমে সমস্ত রকম প্রশ্নের সঙ্গে পরিচিত থাকার দরুন শিক্ষার্থীদের সক্ষমতার কোনো পরিমাপ হয় না।
- প্রশ্ন ব্যাংক তৈরি করে মূল্যায়নের সকল ধরনের ত্রুটি দূর করা যায় না।
- মূল্যায়নের সমান্তরাল ব্যবস্থার দ্বারা প্রশ্ন ব্যাংক প্রভাবিত হয়ে থাকে।

### 4.3.7. প্রশ্ন ব্যাংকের ব্যবহার (Uses of Question Bank)

- প্রশ্ন ব্যাংকের সাহায্যে শিক্ষার লক্ষ্যগুলিকে যথাযথ মূল্যায়ন করা যায়।
- সব ধরনের শিক্ষার্থীদের পারদর্শিতা যাচাইয়ের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।
- উত্তরের দৈর্ঘ্য ও প্রশ্নের কাঠামো সঠিক রাখতে সাহায্য করে।
- কোনো বিষয়ের প্রশ্নপত্র তৈরি করতে সাহায্য করে থাকে।
- কোনো বিষয়ের অ্যাসাইনমেন্ট তৈরি করতে সাহায্য করে থাকে।
- শিক্ষকদের পরিশ্রম হ্রাস করতে প্রশ্ন ব্যাংক সাহায্য করে থাকে।
- শিক্ষার্থীদের দুর্বলতা নির্ণয়ে সাহায্য করে থাকে।
- প্রতিটি বিষয়ের শিক্ষণীয় ধারণার উপর নজর রাখে।
- সঠিক ও উত্তম প্রশ্ন তৈরি করার ক্ষেত্রে ব্যবহার করা হয়।
- প্রতিটি বিষয়ের কিছু কিছু অংশ আছে যার একাধিকার পরীক্ষার প্রয়োজনে প্রশ্ন ব্যাংককে ব্যবহার করা হয়।

Scanned with CamScanner

- বিষয়গত মূল্যায়নের ক্ষেত্রে প্রশ্ন ব্যাংককে ব্যবহার করা হয়।
- পাঠদান প্রক্রিয়াকে সমৃদ্ধ করতে সাহায্য করে।
- প্রশ্ন ব্যাংক পাঠদানের ভিত্তিতে ব্যক্তির বিকাশকে মূল্যায়নে সাহায্য করে থাকে।

Scanned with CamScanner